



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০২৮.২০১৪-৭৪২

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ।
১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, খাগড়াছড়ি পার্বত্য জেলার পানছড়ি উপজেলার ০৫নং উল্টাছড়ি ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মো: রিপন মিয়া, জনৈক আয়শা খাতুন এর ৩৬৮৩ নং রেশন কার্ডসহ ৩৬৪০, ৩৭৮২ ও ৩৭৮৯ সর্বমোট ০৪ (চার)টি রেশন কার্ডের খাদ্যশস্য উত্তোলনপূর্বক আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা বর্গিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, খাগড়াছড়ি পার্বত্য জেলার পানছড়ি উপজেলার ০৫নং উল্টাছড়ি ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মো: রিপন মিয়া, জনৈক আয়শা খাতুন এর ৩৬৮৩ নং রেশন কার্ডসহ ৩৬৪০, ৩৭৮২ ও ৩৭৮৯ সর্বমোট ০৪ (চার)টি রেশন কার্ডের খাদ্যশস্য উত্তোলনপূর্বক আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলার পানছড়ি উপজেলার ০৫নং উল্টাছড়ি ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মো: রিপন মিয়া কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) (খ) ও (ঘ) অপরাধ সংঘটিত করায় ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


তারিখ: ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ।

(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব

ফোন: ০২২২৩৩৫৩৩৯৪
Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০২৮.২০১৪-৭৪২


তারিখ: ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ।
১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: রিপন মিয়া, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত) ০৫নং উল্টাছড়ি ইউনিয়ন পরিষদ, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


তারিখ: ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ।

(মো: আবুজাফর রিপন পিএএ)
উপসচিব